

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/৪১

তারিখ : ১৮ ফেব্রুয়ারী, ২০২৪

সকল সম্মানিত সদস্যদের জন্য

বিষয়ঃ **Employment Injury Scheme (EIS) সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।**

প্রিয় সহকর্মী ও সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আপনি অবগত রয়েছেন যে, আইএলও এবং জিআইজেড-এর কারিগরী ও কতিপয় প্রসিদ্ধ আন্তর্জাতিক ক্রেতাদের আর্থিক সহযোগীতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্মক্ষেত্রে আঘাতজনিত অক্ষমতায় অক্ষম শ্রমিক ও মৃত্যুর ক্ষেত্রে মৃত শ্রমিকের পোষ্যকে দীর্ঘমেয়াদী সুবিধা প্রদানের লক্ষ্যে পোশাক শিল্পের সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক সংগঠনের সাথে যৌথভাবে ইআইএস পাইলট (EIS Pilot) প্রকল্প নিয়ে কার্যক্রম শুরু করেছে। গত ২১ জুন, ২০২২ তারিখে আনুষ্ঠানিকভাবে এ প্রকল্পের যাত্রা শুরু হয়। এ প্রকল্পটি আরম্ভের তারিখ হতে বাংলাদেশের শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প খাতের কোন শ্রমিক যদি কর্মকালীন সময়ে দুর্ঘটনায় স্থায়ী ভাবে কর্মক্ষমতা হারান অথবা অনাকাঙ্ক্ষিত মৃত্যু ঘটে সেক্ষেত্রে আহত শ্রমিক নিজে বা নিহত শ্রমিকের পোষ্যগণ দীর্ঘমেয়াদী আর্থিক ক্ষতিপূরণ পাবে যা আর্থিক নিরাপত্তাহীনতা লাঘব করতে সহায়তা করবে। প্রাথমিকভাবে এ প্রকল্পটির মেয়াদ ধরা হয়েছে যাত্রা শুরু থেকে তিন বছর এবং এর মেয়াদ পরবর্তীতে আরো দুই বছর পর্যন্ত বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে।

ইতোমধ্যে বিজিএমইএ'র ৬২টি সদস্য প্রতিষ্ঠানে কর্মক্ষেত্রে দুর্ঘটনা বিষয়ক বিভিন্ন তথ্য যেমন- দুর্ঘটনায় আঘাতপ্রাপ্ত শ্রমিকের বয়স, প্রাপ্য মজুরি, আঘাতের সংক্ষিপ্তসার, দুর্ঘটনার কারণে অনুপস্থিতির সময়কাল, চিকিৎসার খরচ ইত্যাদি বিষয়ক তথ্য সংগ্রহের জন্য বিজিএমইএ'র ৬ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছে। অচীরেই উল্লেখিত কর্মকর্তাগণ কারখানা পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শুরু করবে।

ইআইএস পাইলট উদ্যোগের সফলতা নিশ্চিত করতে পোশাক শিল্প কারখানার মালিক এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারখানা কর্তৃপক্ষ ইআইএস পাইলট থেকে শ্রমিক বা তার পোষ্যদের সুবিধা প্রাপ্তি নিশ্চিত করতে কেন্দ্রীয় তহবিলের সুবিধার পাশাপাশি ইআইএস পাইলট এর আওতায় ক্ষতিপূরণ সম্পর্কে শ্রমিকদের অবহিত করবেন। এ ছাড়াও কর্মক্ষেত্রে দুর্ঘটনার ঝুঁকি হ্রাস করার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

অতএব, সম্ভাব্য সুবিধাভোগীদের কেন্দ্রীয় তহবিলের সুবিধার পাশাপাশি ইআইএস পাইলট এর সুবিধা গ্রহণ দ্রুত নিশ্চিত করতে বিজিএমইএর সহায়তায় নির্ধারিত ফর্মে কেন্দ্রীয় তহবিলের সুবিধা প্রাপ্তির আবেদন করে কর্মক্ষেত্রে স্থায়ী বা অস্থায়ীভাবে অক্ষম বা মৃত শ্রমিকের পোষ্যকে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •